অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/11/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নভেল করোভাইরাস ব্রিফিংয়ের সময় গভর্নর কুওমো ঘোষণা করেন নিউ ইয়র্ক স্টেট 28টি বেসরকারি ল্যাবের সাথে চুক্তি করবে তাদের করোভাইরাস পরীক্ষার সক্ষমতা বাড়াবার জন্য

আগামী সপ্তাহ থেকে শুরু হওয়া স্প্রিং সেমিস্টারের অবশিষ্ট সময়ের জন্য দূরশিক্ষার পরিকল্পনা প্রস্তুত করবে স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক এবং সিটি ইউনিভার্সিটি অফ নিয় ইয়র্ক

রাজ্যের শ্রমিকদের জন্য দুই সপ্তাহ সবেতন ছুটি প্রদান করবে রাজ্য, যারা নভেল করোভাইরাসের ফলে কোয়ারেন্টাইনে আছেন

নিউ ইয়র্ক স্টেটে 43টি অতিরিক্ত করোনাভাইরাসের কেস নিশ্চিৎ করা হয়েছে - যা রাজ্যজুড়ে মোটব্যাপী মোট সংখ্যা 216-তে নিয়ে এল; নতুন কেসগুলির মধ্যে আছে 13টি ওয়েস্টচেস্টার কাউন্টিতে, 16টি নিউ ইয়র্ক সিটিতে, 9টি নাসাউ কাউন্টিতে এবং 5টি সাফোক কাউন্টিতে

নিউ ইয়র্ক স্টেট বিজনেস নেতাদের সাথে সমবায় প্রচেষ্টার ঘোষণা করেছেন স্বেচ্ছায় ভিন্ন কাজের সময় বাস্তবায়ন করার জন্য এবং ঘনত্ব হ্রাস করার জন্য টেলিকমিউট করার জন্য

বিনামূল্যে স্কুল খাবারের উপর নির্ভর করে এমন কোন পরিবার নিয়ন্ত্রণকালীন সময় যাতে এর অ্যাক্সেস চালিয়ে যেতে পারেনতা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ নিউ রোশেলে স্থানীয় খাদ্য ব্যাংককে 200,000 মার্কিন ডলার প্রদান করবে

একটি নভেল করোভাইরাস ব্রিফিঙের সময় গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট 28টি প্রাইভেট ল্যাবের সাথে চুক্তি করবে, যা নভেল করোভাইরাসের জন্য পরীক্ষার সক্ষমতা বাড়াবে। 28টি ল্যাব নিয়ে একটি আহ্বানের পর গভর্নর ঘোষণা করেন যে তিনি ল্যাবগুলিকে প্রস্তুত হওয়া মাত্র পরীক্ষা করা শুরু করার নির্দেশ দিয়েছেন। 28টি ল্যাব ভাইরোলজিতে বিশেষজ্ঞ এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের (New York State Department of Health) সঙ্গে নিয়মিত অংশিদারিত্ব করে।

গভর্নর আরও ঘোষণা দিয়েছেন, নিউ ইয়র্কের স্টেট ইউনিভার্সিটি (State University of New York) এবং নিউ ইয়র্কের সিটি ইউনিভার্সিটি (City University of New York), 19শে মার্চ থেকে শুরু করে দূরশিক্ষণ বারাতে এবং সশরীরে ক্লাস কমিয়ে আনার পরিকল্পনা বাস্তবায়ন

করবেঅবশিষ্ট স্প্রিং সেমিস্টারের জন্য নিউ ইয়র্কের নভেল করোভাইরাস পরিস্থিতির নিরিখে। ক্যাম্পাসের পরিবেশে ঘনত্ব কমানোর জন্য সকল ক্যাম্পাস এবং পাঠ্যক্রম-নির্দিষ্ট প্রয়োজনের জন্য পরিকল্পনা তৈরি করবে সকল ক্যাম্পাসগুলি, যা নভেল করোভাইরাসের সংস্পর্শে আসার সম্ভাবনা কমাতে সাহায্য করবে। দূরশিক্ষা ও অন্যান্য বিকল্প গড়ে তুলবে ক্যাম্পাসগুলি।

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে সকল রাষ্ট্রীয় কর্মীদের জন্য দুটি পূর্ণ সপ্তাহ সবেতন ছুটি নিশ্চিত করা হবে যাদের ক্ষেত্রে নভেল করোনাভাইরাসের কারণে বাধ্যতামূলক অথবা সতর্কতা সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। কোয়ারেন্টাইন জন্য কাজ বন্ধ সময় কর্মীদের অ্যাক্রুয়াল চার্জ করতে হবে না। সিভিল সার্ভিস শ্রেণীবিন্যাস, দরকষাকষির একক, এবং আংশিক সময় বা অ্যাক্রুয়াল স্থিতি নির্বিশেষে সকল রাজ্যের কর্মচারীদের জন্য এটি প্রযোজ্য হবে।

অবশেষে, গভর্নর আরও 43টি নতুন নভেল করোনাভাইরাসের ঘটনার কথা নিশ্চিত করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেট জুড়ে নিশ্চিত ঘটনার সর্বমোট সংখ্যা হল 216টি। মোট 216 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

ওয়েস্টচেস্টার: 121 (13টি নতুন)
নিউ ইয়র্ক সিটি: 52 (16টি নতুন)
নাসাউ: 28 (9টি নতুন)
সাফোক: 6 (5টি নতুন)
রকল্যান্ড: 6
সারাটোগা: 2
আলস্টার: 1

"যতক্ষণ নিউ ইয়র্কবাসীদের ঝুঁকি কম আছে, তখন আমরা বেশ কিছু পদক্ষেপ নিচ্ছি, সতর্কতার আধিক্যের কারণে যাতে জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষিত করা যায়, যার মধ্যে আছে SUNY এবং CUNY-কে সেমিস্টারের অবশিষ্ট অংশের জন্য ক্যাম্পাসে ঘনত্ব কমানোর কৌশল বাস্তবায়নের জন্য নির্দেশ দেওয়া," **গভর্নর কুওমো বলেন।** "একই সাথে, আমরা পরীক্ষার সক্ষমতা বৃদ্ধি করার জন্য অগ্রাধিকার অব্যাহত রেখেছি, কারণ যত বেশি মানুষকে আপনি ভাইরাস আক্রান্ত হিসেবে চিহ্নিত করবেন, তত ভালো আপনি এটি নিয়ন্ত্রণ করতে পারবেন। আমরা উদাহরণ দ্বারা নেতৃস্থানীয় উদাহরণ স্থাপন করছি সব রাজ্য কর্মীদের সবেতন ছুটি প্রদান করে, যারা ভাইরাসের ফলে কোয়ারান্টাইন হয়ে আছেন - এবং আমরা ব্যবসাগুলিকে স্বেচ্ছায় টেলিকমিউটিং করার জন্য উৎসাহিত করছি যতটা করা সম্ভব। আবার আমি মানুষকে এই দৃষ্টিভঙ্গি মাথায় রাখার কথা স্মরণ করিয়ে দিতে চাই: তথ্য এই পরিস্থিতিতে ভয় পাওয়ার যথাজথ বলে প্রতিপন্ন করা না এবং এখানে তথ্যের আসলে উদ্বেগ কমানো উচিত।"

আজ ব্যবসায়ী নেতাদের সাথে কথা বলার পর গভর্নর কুওমনিউ ইয়র্কের ব্যবসায়ী নেতাদের সাথে নতুন একটি সমবায় প্রচেষ্টার ঘোষণা করেছেন স্বেচ্ছায় ভিন্ন কাজের সময় টেলিকমিউটিং বাস্তবায়ন করার জন্য ঘনত্ব হ্রাস করার প্রচেষ্টায়।

উপরন্তু, গভর্নর ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্ট নতুন রোশেলে একটি স্থানীয় খাদ্য ব্যাংকে 200,000 মার্কিন ডলার অনুদান প্রদান করবে, যাতে সম্প্রদায়কে সাহায্য করা যায় যখন তারা একগুচ্ছ নভেল করোনাভাইরাসের কেসের সম্মুখীন হচ্ছেন। গতকাল থেকে নিউ রোশেলে নয়টি স্কুল বন্ধ করে দেওয়া হয় নিয়ন্ত্রণ ক্ষেত্র স্থাপন করার ফলে, এবং এই অর্থায়ন নিশ্চিত করতে সাহায্য করবে যে কোন ছাত্র বা পরিবার যারা বিনামূল্যে স্কুলের খাবারের উপর নির্ভর করে, তারা এই নিয়ন্ত্রণ প্রচেষ্টার সময় এটি অ্যাক্সেস করতে পারবেন।

SUNY-এর চ্যান্সেলর ক্রিস্টিনা এম. জনসন বলেন, "আমরা গভর্নর এবং স্বাস্থ্য দপ্তরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছি, যাতে SUNY-র ছাত্ররা অনলাইনে বা দূরবর্তীভাবে তাদের শিক্ষা অব্যাহত রাখার সুযোগ পান, যার ফলে তাদের COVID-19 এর সংস্পর্শে আসা সীমিত করা যায়, শিক্ষায় কোন ব্যাঘাত না ঘটিয়ে। SUNY অনলাইন আমাদের সিস্টেমের জন্য একটি বড় উদ্যোগ, এবং আমরা আমাদের অনেক একাডেমিক প্রোগ্রাম এই নতুন দূরশিক্ষণ প্ল্যাটফর্মে স্থানান্তর করার জন্য প্রস্তুত হয়ে চলেছি। যখন 100,000 এর বেশী সংখ্যক SUNY ছাত্র বর্তমানে আমাদের সাথে অনলাইনে এক বা একাধিক কোর্স গ্রহণ করছে, আমরা বিশ্বাস করি যে আমরা প্রস্তুত এবং ভাল অবস্থানে আছি এই সংকটের সময় আমাদের ছাত্র-ছাত্রীদের শিক্ষার জন্য দূরবর্তী নির্দেশনার সুযোগ নিতে।"

CUNY-এর চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটস রডরিগেজ বলেন, "দূরশিক্ষায় উত্তরণ আমাদের ছাত্র এবং আমাদের ক্যাম্পাস সম্প্রদায়ের সবাইকে রক্ষা করে, এবং তার সাথে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ধারাবাহিকতা নিশ্চিত করতে সক্ষম করে বিশ্ববিদ্যালয়গুলিকে, ছাত্রদের সেমিস্টার শেষ করতে দিয়ে এবং তাদের আর্থিক সাহায্য সুরক্ষিত করে। ডর্মিটরি, লাইব্রেরি, গবেষণামূলক সুবিধাসহ আমাদের 25টি ক্যাম্পাস খোলা থাকবে। বিশ্ববিদ্যালয় সম্প্রদায়ের স্বাস্থ্য এবং নিরাপত্তার প্রতি আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার থাকে এবং আমি আনন্দিত যে এই পরিমাপ জনস্বাস্থ্যের এই বিপদের সময় আমাদের এলাকার উপর চাপ উপশম করার সাথে সাথে তার ছাত্রদের সেবা চালিয়ে যেতে দেবে CUNY-কে।"

গতকাল গভর্নর কুওমো নিউ রোশেলে নভেল করোনাভাইরাসের ক্লাস্টার নিয়ন্ত্রণের জন্য নতুন জরুরি পদক্ষেপের জন্য রাজ্যের স্বাস্থ্য কমিশনার ড: হাওয়ার্ড জুকারের সুপারিশ গ্রহণ করলেন। এই অঞ্চলে বর্তমানে 108টি নিশ্চিত ঘটনা রয়েছে এবং এটি 'আক্রান্ত' বলে বিবেচিত হচ্ছে। প্রোটোকলের মধ্যে নিউ রোশেলের এক মাইল ব্যাসার্ধের মধ্যে বৃহস্পতিবার, 12 মার্চ থেকে বুধবার 25 মার্চ পর্যন্ত দুই সপ্তাহ সময়কালের জন্য স্কুল, উপাসনালয় এবং সমবেত হবার বড় বড় স্থানগুলি বন্ধ রাখা অন্তর্ভুক্ত রয়েছে।

গভর্নর এই প্রাদুর্ভাবে সহায়তার উদ্দেশ্যে নিউ রোশেলের স্বাস্থ্য বিভাগের একটি কমান্ড পোস্টে ন্যাশনাল গার্ড (National Guard) সেনা মোতায়েন করেছেন। সেনারা নিয়ন্ত্রিত অঞ্চলের ঘরে ঘরে খাবার সরবরাহে এবং জনসাধারনের জন্য উন্মুক্ত স্থান পরিষ্কার পরিচ্ছন্ন করতে সহায়তা করছে।

নর্থওয়েল হেলথ (Northwell Health)-এর সাথে নিউ রোশেলে পরীক্ষা নিরীক্ষার উদ্দেশ্যে শাখা স্থাপনা প্রতিষ্ঠার সাথে অংশগ্রহণ করবেন বলেও ঘোষণা দিয়েছেন। পরিদর্শন শুধুমাত্র সাক্ষাৎ-সূচি ভিত্তিক হবে। স্টেটের স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইটে আরও তথ্য অচিরেই প্রকাশ করা হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন